মেহেরপুরে কোচিং সেন্টার ও ফটোকপি দোকান বন্ধের নির্দেশ

এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে আয়োজনের লক্ষ্যে মেহেরপুরে বিশেষ নির্দেশনা জারি করা হয়েছে।

জেলা প্রশাসনের এক গণবিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ২১ এপ্রিল থেকে শুরু হওয়া এসব পরীক্ষার দিনগুলোতে প্রতিদিন পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগে থেকে পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত সকল পরীক্ষা কেন্দ্রের আশপাশে অবস্থিত ফটোকপির দোকান বন্ধ রাখতে হবে। একই সঙ্গে জেলার সকল কোচিং সেন্টারও এই সময়ের মধ্যে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

গণবিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এ নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
মেহেরপুর জেলা প্রশাসক শিল্পী রানী রায় স্বাক্ষরিত এ নির্দেশনা ইতোমধ্যে কার্যকর করা হয়েছে।

মেহেরপুর-কুষ্টিয়া সংরক্ষিত আসনের বিএনপির প্রার্থী ফরিদা ইয়াসমিন

মেহেরপুর-কুষ্টিয়া সংরক্ষিত নারী আসনে বিএনপির সংসদ সদস্য প্রার্থী হিসাবে কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলার বাসিন্দা বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ফরিদা ইয়াসমিনের নাম ঘোষণা করা হয়েছে।

সোমবার বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী আহমেদ সংবাদ সম্মেলনে তার নাম ঘোষণা করেন।

[redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

আমরা বিশেষ নজর রাখছি। এই টিকা নিরাপদ এবং শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে অত্যন্ত কার্যকর।

গাংনীতে ফিলিং স্টেশনে তেল নিতে এসে ট্রাকচাপায় কৃষক নিহত

মেহেরপুরের গাংনীতে ফিলিং স্টেশনে তেল নিতে গিয়ে ট্রাকচাপায় নিহত হয়েছেন আরঙ্গজেব (৬৫) নামের এক কৃষক।

রোববার (২০ এপ্রিল) সকাল সাড়ে ৯টার দিকে গাংনী উপজেলার বামন্দী কিবরিয়া ফিলিং স্টেশনের সামনে এ দুর্ঘটনা ঘটে।

আহত আরঙ্গজেব গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের করমদি মাদ্রাসাপাড়ার নাছিম উদ্দিনের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, ফিলিং স্টেশন থেকে তেল নিয়ে একটি কন্টেইনার হাতে সড়কের পাশে দাঁড়িয়ে ছিলেন আরঙ্গজেব। এ সময় দ্রুতগতির একটি বেপরোয়া ট্রাক এসে তাকে ধাক্কা দিলে তিনি সড়কের পাশে ছিটকে পড়ে গুরুতর আহত হন।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি বেসরকারি ক্লিনিক (আল-শেফা) নিয়ে যান। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। সেখানে শারীরিক অবস্থার আরো অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য ঢাকা যাওয়ার পথে বিকেলে পথিমধ্যে মৃত্যু হয়।

বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) শ্যামা পদ বলেন, “দুর্ঘটনার খবর পেয়ে আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি।

একটি দ্রুতগতির ট্রাকের ধাক্কায় আরঙ্গজেব আহত হন। ঘটনাস্থলে থাকা পুলিশ সদস্যরা ট্রাক ও চালককে তাৎক্ষণিকভাবে হেফাজতে নিয়েছে।”

তিনি আরও জানান, এ বিষয়ে এখনো আহতের পরিবারের পক্ষ থেকে কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ

মুজিবনগরে হাম-রুবেলা নিয়ন্ত্রণে টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন

মুজিবনগর উপজেলায় হাম-রুবেলা নিয়ন্ত্রণে বিশেষ টিকাদান ক্যাম্পেইনের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০টায় ভবেরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্যাম্পেইনের উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা।

এসময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান এবং উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান।

অনুষ্ঠানে প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের টিকা প্রদান ও টিকা কার্ড বিতরণের মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করা হয়।

উল্লেখ্য, দেশব্যাপী হামের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে সারাদেশের ন্যায় মুজিবনগর উপজেলায়ও ২০ এপ্রিল থেকে ১০ মে পর্যন্ত (ছুটির দিন ও নিয়মিত ইপিআই টিকাদান দিবস ব্যতীত) বিশেষ ক্যাম্পেইনের মাধ্যমে ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের হাম-রুবেলা টিকা প্রদান করা হবে।

মুজিবনগর উপজেলায় মোট ৮,২২১ জন শিশুকে এই ক্যাম্পেইনের আওতায় আনা হয়েছে। এর মধ্যে প্রি-প্রাইমারি পর্যায়ের ১,৮৮৯ জন এবং কমিউনিটি পর্যায়ের ৬,৩২২ জন শিশু রয়েছে। পর্যায়ক্রমে সকল শিশুকে টিকা প্রদান করা হবে।

গাংনীর সাহারবাটিতে বিএনপি নেতাকে গুলি, মুমূর্ষু অবস্থায় হাসপাতালে ভর্তি

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি গ্রাম বিএনপির সহসভাপতি মুকুল হোসেনকে গুলি করেছে দূর্বৃত্তরা।
আজ সোমবার ভোর পাঁচটার সময় কাথুলি সড়কের সাহারবাটি ও ভাটপাড়ার মাঝামাঝি কাশেম মোড় নামক স্থানে এই গুলির ঘটনা ঘটে।
মুকুল হোসেন সাহারবাটি ইউনিয়ন বিএনপির ও ক্রিড়া বিষয়ক সম্পাদক ও সাহারবাটি গ্রামের নেক মহাম্মদের ছেলে।
তার বুকে ও পিঠে পাঁচটি গুলি করা হয়েছে বলে জানিয়েছেন প্রত্যক্ষদর্শিরা। তাকে মূমূর্ষ অবস্থায় উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে বর্তমানে চিকিৎসা চলছে।
ঘটনার পরপরই গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা উত্তম কুমার দাসের নেতৃত্বে পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছেছে।
ঘটনাস্থল থেকে গুলির চারটি খোসা উদ্ধার করেছে।
স্থানীয়রা জানান, ফজরের আযানের পর রাস্তায় হাটতে বের হন মুকুল। সাাহারবাটী বাংগালপাড়া কাশেম মোড়ে পৌছালে মুকুলের ওপর গুলি করতে থাকে তিনজন। এসময় তাদের সাথে মুকুলের ধস্তাধস্তি হয়। পরে মুকুল মাটিতে লুটিয়ে পড়লে চিৎকার দেয় মুকুল। এসময় স্থানীরা তাকে উদ্বার করে হাসপাতালে নেয়া হয়। বর্তমানে তার অবস্থা আশংকাজনক। সাবেক ইউপি সদস্য ফরমান আলী জানান, ভোরে শুনতে পাই মুকুলকে ৫ টি গুলি করা হয়েছে। ঘটনা স্থলে গিয়ে দেখি মুকুলের শরীরের বিভিন্ন অংশে গুলি করা হয়েছে। তাকে উদ্বার করে হাসপাতালে নেয়া হয়। স্থানীয় বিএনপি নেতা বক্কার আলী জানান, বিএনপি নেতা মুকুলের ওপর এর আগেও একাধিকার বোমা হামলা করে হত্যা চেষ্টা করা হয়। এবারও তাকে হত্যার জন্য ৫ টি গুলি করা হয়েছে। এতে অন্যান্য নেতাকর্মীদের মধ্যে আতংক বিরাজ করছে।
সাাহারবাটীর আবুল কাশেম বলেন, আমরা ফজরের নামাজের জন্য মসজিদে যাচ্ছিলাম, আমাদের সামনে দিয়ে মুকুল হাটতে বের হয়। কিছ্ক্ষণ পরে শুনছি মুকুলকে গুলি করা হয়েছে।
মুকুল হোসেনকে এর আগেও দুই দফায় বোমা হামলা চালিয়েছিল দূর্বৃত্তরা।

ওসি উত্তম কুমার দাস জানান, গুলির ঘটনা জানতে পেরে আমিসহ পুলিশের একটি টীম ঘটনাস্থলে এসে চারটি গুলির খোসা উদ্বার করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে।

জেলার ৫৫ হাজার ৫২৩ শিশুকে দেওয়া হবে হামের টিকা

মেহেরপুর জেলার তিন উপজেলা ও মেহেরপুর পৌরসভার টিকাদান কেন্দ্রের মাধ্যমে জেলার ৫৫ হাজার ৫২৩ শিশুকে দেওয়া হবে হাম-রুবেলা টিকা।

সারাদেশে হামের প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ার সরকারি সিদ্ধান্তে আগামীকাল সোমবার থেকে আগামী ১১ কর্মদিবস এ টিকা দেওয়া হবে। ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের এ টিকা দেওয়া হবে বলে জানিয়েছে জেলা স্বাস্থ্য বিভাগ।

আজ রবিবার বিকালে মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে হাম-রুবেলা টিকা ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভায় এ তথ্য জানান সিভিল সার্জন ডা. একেএম সাইদ হোসেন।

মতবিনিময় সভায় সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক প্রতিপাদ্য উপস্থাপন করেন। তিনি জানান, মেহেরপুর জেলায় ৩ হাসপাতাল ও ৬৩৬টি ইপিআই টিকাদান কেন্দ্রের মাধ্যমে ৫৫ হাজার ২৫৩ জন শিশুকে হাম-রুবেলা টিকা প্রদান করা হবে। এর মধ্যে সদর উপজেলায় ১৮ হাজার ২৮, গাংনী উপজেলায় ২৫ হাজার ১৬২, মুজিবনগর উপজেলায় ৮ হাজার ২২১ এবং মেহেরপুর পৌরসভায় ৩ হাজার ৮৫২ শিশুকে এ টিকা দেওয়া হবে। যে সকল শিশুর ৬ মাস পূর্ণ হয়েছে এবং ৪ বছর ১১ মাস ২৯ দিন বয়স সে সকল শিশুকে এ টিকা দেওয়া হবে। তবে, যে সকল শিশু বর্তমানে হামে আক্রান্ত হয়ে বা অন্যকোন রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন তাদের এ টিকা দেওয়া হবে না। তারা সুস্থ হলে পরবর্তিতে টিকা পাবে। এছাড়া যাদের এর আগে হাম হয়েছে এবং টিকা নিয়েছে তারাও এ টিকা নিতে পারবে।

তিনি আরও জানান, মেহেরপুর জেলায় ১৪৪ জন হামের উপসর্গ নিয়ে

চিকিৎসা নিয়েছেন এবং হাসপাতালে ভর্তি থেকে চিকিৎসা নিয়েছেন ৬৯ জন। মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হামের চিকিৎসা দেওয়ার জন্য আইসোলেশন ওয়ার্ড খোলা হয়েছে। সেখানে রোগীরা প্রয়োজনীয় চিকিৎসা পাচ্ছে।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে সিভিল সার্জন বলেন, প্রতি চার বছর পরপর হাম-রুবেলা ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। ২০২০ সালে শেষবারের মত হাম-রুবেলা ক্যাম্পেইন হয়েছে। পরবর্তিতে ২০২৪ সালে ক্যাম্পেইনটি হয়নি। তিনি বলেন, তবে অন্যান্য টিকাদান কর্মসূচির মত হাম-রুবেলার টিকা নিয়মিত প্রদান করা হয়, মেহেরপুর জেলাতেও নিয়মিতভাবে এ টিকাদান কার্যক্রম করা হয়েছে।

মতবিনিময় সভায় সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, স্টার নিউজের ব্যুরো প্রধান রাশেদুজ্জামান, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম। মতবিনিময়ে মেহেরপুরে কর্মরত বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা অংশ নেন।

মুজিবনগরে ৮ হাজার ২২১ শিশুকে দেয়া হবে হাম-রুবেলা টিকা

মুজিবনগর উপজেলায় হাম-রুবেলা নিয়ন্ত্রণে বিশেষ টিকাদান কর্মসূচি শুরু হচ্ছে আগামী সোমবার। এ উপলক্ষে কর্মসূচির বিস্তারিত জানাতে এক অ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বিকেলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে আয়োজিত এ সভায় টিকাদান কর্মসূচি সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান।

সভায় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল

হুদা, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই জিয়া, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. সানজিদা আক্তারসহ স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ও ইপিআই টিকাদান সংশ্লিষ্ট কর্মকর্তারা।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আসাদুজ্জামান জানান, মুজিবনগর উপজেলায় আগামী ২০ এপ্রিল থেকে ১০ মে পর্যন্ত (ছুটির দিন ও নিয়মিত ইপিআই টিকাদানের দিন ব্যতীত) বিশেষ ক্যাম্পেইনের মাধ্যমে ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের হাম-রুবেলা টিকা প্রদান করা হবে।

তিনি আরও জানান, উপজেলায় মোট ৮ হাজার ২২১ জন শিশুকে এ টিকার আওতায় আনা হবে। এর মধ্যে প্রি-প্রাইমারি স্কুলের শিক্ষার্থী ১ হাজার ৮৮৯ জন এবং কমিউনিটি পর্যায়ে ৬ হাজার ৩৩২ জন শিশু রয়েছে।

মেহেরপুরের জেড কে ফিলিং স্টেশনে হামলা ও ভাঙচুর

মেহেরপুরের জেড কে ফিলিং স্টেশনে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। আজ রবিবার দুপুর ১টার দিকে এ কাথুলী সড়কের জেড কে ফিলিং স্টেশনে এ ভাঙচুরের ঘটনা ঘটে।

জেড কে ফিলিং স্টেশনের স্বত্বাধিকারী রেজানুর রহমান বিশ্বাস জানান, মাঠপাড়া ও নতুন পাড়ার কিছু উচ্ছৃঙ্খল ছেলে প্রতিদিন সিরিয়াল ছাড়া পাম্পে তেল নিতে আসে, এবং মাঝে মাঝেই তারা ঝামেলা করে।

রবিবার পঞ্চাশটির অধিক মোটরসাইকেল নিয়ে একযোগে তারা এসেছিল সিরিয়াল ভেঙে তেল নিতে, ওদেরকে তেল দিতে অস্বীকৃতি জানালে তারা অতর্কিত হামলা এবং ভাঙচুর করে।

তিনি আরও জানান, এভাবে নিরাপত্তাহীনতায় তারা ব্যবসা করতে পারবো

না। এ ঘটনায় মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের প্রস্তুতি চলছে বলে জানান তিনি।

খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের ওসি তদন্ত জাহাঙ্গীর সেলিমের নেতৃত্বে পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন।

এসময় মেহেরপুর জেলা প্রশাসকের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ভুবন চন্দ্র হালদারও সেখানে উপস্থিত হয় এবয় পরিস্থিতি তদারকি করেন।

মেহেরপুরে কালবৈশাখীর তাণ্ডবে লণ্ডভণ্ড গাছপালা, আম ও ফসলে ব্যাপক ক্ষতি

মেহেরপুরে আকস্মিক কালবৈশাখী ঝড়ে লণ্ডভণ্ড হয়ে গেছে জেলার বিভিন্ন এলাকার টিনের তৈরি বসতঘর। মাত্র আধা ঘণ্টার দমকা হাওয়ায় ভেঙে পড়েছে শত শত গাছপালা, কাঁচা ও আধাপাকা ঘরবাড়ি; ঝরে পড়েছে আম ও লিচুর গুটি। এমনকি উপড়ে গেছে বিদ্যুতের খুঁটিও।

শনিবার রাত সাড়ে ৮টার দিকে শুরু হওয়া এই ঝোড়ো হাওয়ায় জেলার তিনটি উপজেলা ক্ষতিগ্রস্ত হয়েছে। অনেক বাড়ির চালা উড়ে গেছে, কোথাও আবার গাছ পড়ে বন্ধ হয়ে গেছে সড়ক যোগাযোগ। রাতভর বিচ্ছিন্ন ছিল বিদ্যুৎ সংযোগ।

ঝড়ের তাণ্ডবে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন আমচাষিরা। বাগানজুড়ে মাটিতে পড়ে আছে ঝরে পড়া আম। অনেক আম ফেটে নষ্ট হয়ে গেছে। চাষিদের দাবি, তাদের বাগানের প্রায় অর্ধেক আম ঝড়ে নষ্ট হয়েছে।

অন্যদিকে মাঠের ভুট্টা ফসলেও ব্যাপক ক্ষতি হয়েছে। ঝোড়ো হাওয়ায় ফসল নুয়ে পড়ে অনেক জায়গায় নষ্ট হয়ে গেছে।
ঝড়ের প্রভাবে পুরো জেলায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়। টানা

প্রায় ৯ ঘণ্টা অন্ধকারে ছিল মেহেরপুর।

চুয়াডাঙ্গা আঞ্চলিক আবহাওয়া অফিস জানায়, রাত সাড়ে ১০টা থেকে ১১টার মধ্যে জেলার ওপর দিয়ে ঘণ্টায় ৭০ থেকে ৮০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যায়।

রবিবার সকালে বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, মেহেরপুর-কুষ্টিয়া ও গাংনী-হাটবোয়ালিয়া সড়কে ভেঙে পড়া গাছ সরাতে কাজ করছেন স্থানীয়রা।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জানায়, চলতি মৌসুমে মেহেরপুরে প্রায় ২ হাজার ৮০০ হেক্টর জমিতে আমের চাষ হয়েছে। এদিকে ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণে কাজ শুরু করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়ানোর দাবি জানিয়েছেন স্থানীয়রা।